# উপজেলা পরিষদ

## কোম্পানীগঞ্জ, সিলেট।

উপজেলা পরিষদের ২৭তম সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

সভার স্থান: Zoom Application-এর মাধ্যমে স্ব স্ব অবস্থান হতে সংযুক্ত।

সভার তারিখ ও সময়: ১৯/০৭/২০২১ খ্রিস্টাব্দ, বেলা- ১১.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য: পরিশিষ্ট 'ক' ও 'খ'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত ১০/০৬/২০২১ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর বিভাগওয়ারি বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিভাবে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের প্রকল্পসমূহের কাজ প্রায় ৯৮ ভাগ শেষ হয়েছে এবং বিল পরিশোধ করা হয়েছে। | সমাপ্তকৃত কাজসমূহের কোথাও কোন ত্রুটি আছে কিনা তা খতিয়ে দেখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হল। | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভাকে জানান যে, বিশ্ব জুড়ে কোভিড-১৯ করোনার প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশে করোনায় আক্রান্তের সংখ্যা জ্যামিতিক হারে বৃদ্ধি পাচ্ছে। মৃত্যুর হারও অনেক বেশী হচ্ছে। বাংলাদেশ সরকার করোনা মোকাবেলায় বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন। যা আমাদের সবাইকে মানতে হবে। সর্বাত্মক মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। করোনার প্রকোপ থেকে রক্ষা পেতে সবাইকে স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে এবং ভ্যাকসিন গ্রহন করতে হবে। | করোনা মোকাবেলায় সরকারের সকল স্বাস্থ্য বিধি আবশ্যিকভাবে মেনে চলতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা/সকল কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, জুলাই/২০২১ মাসে গবাদি প্রাণির টিকা প্রদান-৩২ মাত্রা, হাঁস মুরগীর টিকা প্রদান-৫০০০ মাত্রা, গবাদি প্রাণির চিকিৎসা-১১৮৭টি, হাঁস মুরগীর চিকিৎসা-৭২০০টি, ডিম উৎপাদন-৯২০০টি, রাজস্ব আয়- ১৮২০/-। একদিনের হাঁস/মুরগীর বাচ্চা বিতরন ১০০০টি , ঘাস উৎপাদন ১ একর। আত্নকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র দূরীকরণ প্রকল্পের ছাগল, ভেড়া, হাঁস-মুরগীর ক্ষুদ্র ঋণ আদায়-ক্রমপুঞ্জি আদায় ৩,৯৯,৪৫০/- টাকা। তিনি সভাকে আরো জানান যে, রোগে আক্রান্ত গবাদি পশুকে ভ্যাকসিনের আওতায় নিয়ে আসা হচ্ছে। | আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু তদারকিসহ গবাদি পশুর রোগ বালাই দমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় বর্তমান খরিপ-২ মৌসুমে রোপা আমনের ৯৮৩৫ হেক্টর জমিতে আবাদের যে লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে তা ইতোমধ্যেই শতভাগ অর্জিত হয়েছে। তার মধ্যে উফশী জাতের ৬১৬৫ হেক্টর এবং স্থানীয় জাতের ৩৬৭০ হেক্টর জমিতে রোপন করা হয়েছে। অন্যান্য প্রকল্পের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। বর্তমানে বন্যার কোন পূর্বাভাস নেই। ২০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে নাবী রোপা আমন জাতের ৫ কেজি বীজ বিতরণ করা সম্পন্ন হয়েছে। | উপজেলা কৃষি অফিসার মাঠ পর্যায়ে কৃষকদের ধান কর্তনের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন। | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভাকে জানান যে, মৎস্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক 'জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১' জুলাই মাসের ১২-১৮ তারিখ হতে করোনা রোধকল্পে প্রাথমিকভাবে স্থগিত করা হয়েছে। অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক পরবর্তীতে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ এর বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হবে। শিলাকুড়ি গ্রুপ জলমহালে স্থাপিত বিল নার্সারির পোনা বিগত ২৮/০৬/২০২১ তারিখ অবমুক্ত করা হয়েছে। অবমুক্তকরণ সময়ে ১০-১২ সে:মি: আকারের প্রায় ৭৫০০০টি কার্পজাতীয় মাছের পোনা পাওয়া যায়। | উপজেলা মৎস্য অফিসার অত্র উপজেলায় পুকুর ও বিল নার্সারিগুলো সরেজমিন পরিদর্শনপূর্বক সঠিক তদারকি করবেন। | উপজেলা মৎস্য অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, নারী নির্যাতন সংক্রান্ত ০২টি মামলা এসেছে। মামলার তদন্ত চলমান রয়েছে। উপজেলার কোথাও যাতে বাল্য বিবাহ না হতে পারে সে বিষয়ে নজরদারি রয়েছে। অত্রাফিসের ভিজিডি ৯১৪ জনের চাল বিতরণ জুলাই/২০২১ পর্যন্ত কার্যক্রম শেষ হয়েছে। | নারী নির্যাতন সংক্রান্ত কোন অভিযোগ আসলে তা গুরুত্বের সাথে সুষ্ঠু তদন্ত করে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ সিলেট। |
| ০৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় সমবায় বিভাগের আওতাধীন ১৪৭টি প্রাথমিক সমবায় সমিতি সমূহের ২০২০-২১ খ্রি সনের অডিট বরাদ্দ পাওয়া গিয়াছে। জুলাই/২০২১ মাস হতে অডিট বর্ষ শুরু হয়েছে। ২০১৯-২০ অর্থ সনের ধার্যকৃত নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল ৯৫% আদায় করত: সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা সমবায় অফিসার তাঁর বিভাগের সকল কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, বাংলাদেশে কোভিড-১৯ করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। মৃত্যুর হারও অনেক বেশী হচ্ছে। বাংলাদেশ সরকার করোনা মোকাবেলায় বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন। যা আমাদের সবাইকে মানতে হবে। করোনা ভাইরাস মোকাবেলায় মাস্ক পরার অভ্যাস গড়ে তুলতে হবে। করোনার প্রকোপ থেকে রক্ষা পেতে সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং ভ্যাকসিন গ্রহন করতে হবে।<br>২। উপজেলা পরিদের ২০২১-২২ অর্থ বছরের বাজেট সভার কার্যবিবরনী সভায় উপস্থাপন করা হলো। আলোচনান্তে কোন সংশোধনী না থাকলে তা আজকের সভায় অনুমোদন দেয়া যেতে পারে।<br>৩। ২০২০-২১ অর্থ বছরে শেষে উপজেলা রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ ৪,১০,৪৮৮/-(চার লক্ষ দশ হাজার চারশত আটাশি) টাকা উপজেলা উন্নয়ন তহবিলের হিসাবে স্থানান্তর করা যেতে পারে। | করোনা ভাইরাস মোকাবেলায় সরকারের সকল স্বাস্থ্য বিধিসমূহ মেনে চলতে হবে এবং সকল দপ্তরে মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>২। উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বছরের বাজেট সভার কার্যবিবরণী উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদন করা হল।<br>৩। রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ ৪,১০,৪৮৮/-(চার লক্ষ দশ হাজার চারশত আটাশি) টাকা উপজেলা উন্নয়ন তহবিলের হিসাবে স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহিত হল। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ ইউপি চেয়ারম্যান (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | বিবিধ-২ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, কোম্পানীগঞ্জ উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক জনাব মো: আপ্তাব আলী কালা মিয়া একটি আবেদন দাখিল করেছেন। আবেদনের বিষয় হচ্ছে ' কোম্পানীগঞ্জ গ্রামের মরহুম মাহমুদ আলী জামে মসজিদ উন্নয়ন'। আবেদনের প্রেক্ষিতে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার একটি প্রকল্প নেয়া যেতে পারে। | 'মরহুম মাহমুদ আলী জামে মসজিদ উন্নয়ন'- বাবদ উপজেলা রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার একটি প্রকল্প নেয়ার সিদ্ধান্ত গৃহিত হয় এবং উপজেলা প্রকৌশলী প্রকল্পটির প্রাক্কলন প্রস্তুতপূর্বক বাস্তবায়ন করবনে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/০৭/২০২১

শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।
তারিখঃ ১৯ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ।

স্মারক নং-০৫.৬০.৯১২৭.০০৫.৩৫.০০২-১১- ৬৮৬(৪৫)

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে।

১। জনাব ইমরান আহমদ এমপি, সিলেট-৪ ও মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৭। জেলা........................................অফিসার, সিলেট।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৯। চেয়ারম্যান.................................ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
১০।............................................কোম্পানীগঞ্জ, সিলেট।

১৯/০৭/২০২৩
সুমন আচার্য
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট।

উপস্থিত সদস্য: উপস্থিতির ক্রমানুসারে। পরিশিষ্ট 'ক'

| নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মো: আব্দুর রাজ্জাক | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | জনাব মো: লাল মিয়া | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | জনাব মো: শাহ আলম | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | জনাব শাহ মোহাম্মদ জামাল উদ্দিন | চেয়ারম্যান, ইসলামপুর পশ্চিম ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | জনাব মো: বাবুল মিয়া | চেয়ারম্যান, ইসলামপুর পূর্ব ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | জনাব মোঃ জহিরুল হক | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | জনাব শিবলী আতিকা তিন্নী | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | জনাব মোঃ আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | ডা: মো: কামরুজ্জামান | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | মোহাম্মদ আব্দুল্লাহ আল ইমরান | উপজেলা মৎস্য অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | জনাব আয়শা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | জনাব সিদ্দিকুর রহমান | চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | ডাঃ মোঃ শরীফুল আলম | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | জনাব মোঃ বদিউজ্জামান আহমদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | জনাব রোখসানা আক্তার রত্না | তথ্যসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | জনাব মো: ফরিদ উদ্দিন | চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | জনাব রতন লাল সাহা | সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | জনাব মো: আজিজুল হক | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

পরিশিষ্ট 'খ' অনুপস্থিতঃ

১। চেয়ারম্যান, তেলিখাল ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
২।চেয়ারম্যান, ইছাকলস ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
৩।উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
৪।উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
৫। উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), কোম্পানীগঞ্জ, সিলেট।
৬। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (ভারপ্রাপ্ত), কোম্পানীগঞ্জ, সিলেট।
৭। বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট।
৯।উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
১০। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
১১। পরিসংখ্যান কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।